রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ৭, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**বিজ্ঞপ্তি**

**ঢাকা, ৫ই সেপ্টেম্বর, ১৯৮৫।**

নং এস, আর, ও ৩৯৭-এল/৮৫—১৯৮২ সনের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক ও তদউদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদ্‌সম্পর্কিত যাবতীয় বিধি বা নিয়মাবলী বাতিল করিয়া নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ** এই বিধিমালা প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের গেজেটেড অফিসার ও নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৫, নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহঃ** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়;—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এই রূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে;

(ঙ) "শিক্ষানবীশ" বলিতে কোন শূন্য নির্দিষ্ট পদে শিক্ষানবীশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে;

(চ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বলিয়া ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্য : ৯০ পয়সা

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বোর্ড অব ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারী এডুকেশনকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বলিয়া ঘোষিত অন্য যে-কোন শিক্ষা বোর্ড উহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতিঃ** (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন নির্দিষ্ট পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি—

(ক) তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে; এবং

(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে এড হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য এ পদে সর্বোচ্চ বয়ঃসীমা উক্ত ব্যক্তির ক্ষেত্রে শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগঃ** (১) ১৯৭৯ সনের বাংলাদেশ সরকারী কর্মকমিশন (পরামর্শ) প্রবিধি-সমূহের বিধান সাপেক্ষে, কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি,--

(ক) বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডোমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এই রূপে বাছাইকৃত ব্যক্তির পূর্বকার্যকলাপ যথাযোগ্য এজেন্সী বা কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকিলে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফর্মে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিযুক্ত থাকা কালে, স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ** (১) কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবেঃ

তবে, শর্ত থাকে যে, উচ্চতর শ্রেণীর কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ কমিশনের সুপারিশের ভিত্তিতে করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর রেকর্ড সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশীঃ** (১) নির্দিষ্ট পদে নিয়োগের জন্য প্রেষণে বদলির মাধ্যমে ব্যতীত বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ রূপে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপে নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে, শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশী মেয়াদ এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে সম্প্রসারিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্য দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে, কোন শিক্ষানবিশের শিক্ষানবিশী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে অথবা কর্মদক্ষ হওয়ার, তাহার কোন সম্ভাবনা নাই সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশী মেয়াদ এবং সম্প্রসারিত মেয়াদ থাকিলে তাহা সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) শিক্ষানবিশের জন্য সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় যতক্ষণ উত্তীর্ণ না হন ও প্রশিক্ষণ গ্রহণ না করেন ততক্ষণ তাহাকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না।

তফসিল

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য বয়ঃসীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | .. | নির্বাহী প্রকৌশলীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ২ | নির্বাহী প্রকৌশলী | .. | সহকারী প্রকৌশলী অথবা সহকারী স্থপতিগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৭ বৎসরের চাকুরী। |
| ৩ | প্রকিউরমেন্ট এণ্ড সাপ্লাই অফিসার। | অনূর্ধ্ব ৩০ বৎসর; বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ষ্টোর অফিসারের পদোন্নতির মাধ্যমে; যদি পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না পাওয়া যায় তবে সরাসরি নিয়োগ/প্রেষণে বদলির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৪ বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতি-প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে ১ম শ্রেণীর মাষ্টারস্ ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টারস্ ডিগ্রী। এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| ৪ | ষ্টোর অফিসার | অনূর্ধ্ব ২৮ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে ১ম শ্রেণীর মাষ্টারস্ ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। সংশ্লিষ্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫ | সহকারী প্রকৌশলী (সিভিল) | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল-এ স্নাতক ডিগ্রী অথবা এ, এম, আই, ই(বাংলাদেশ)-এর 'এ' এবং 'বি' শাখা পাশ। |
| ৬ | সহকারী স্থপতি .. | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য বিদ্যায় স্নাতক ডিগ্রী। |
| ৭ | উপজেলা শিক্ষা অফিসার | ঐ | ১। সহকারী উপজেলা শিক্ষা অফিসার-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে শতকরা ৫০ ভাগ; এবং | পদোন্নতির জন্য: ফিডার পদে ৭ বৎসরের চাকুরী। |
| | | | ২। সরাসরি নিয়োগের মাধ্যমে শতকরা ৫০ ভাগ। | সরাসরি নিয়োগের জন্য:<br>(ক) ডিপ্লোমা-ইন-এডুকেশনসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী; এবং<br>(খ) শিক্ষকতা অথবা প্রশাসনিক অথবা উভয় ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা।<br>অথবা<br>(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের সেকেন-ডারী স্কুল সার্টিফিকেট এবং হায়ার সেকেনডারী সার্টিফিকেট এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী—এই তিন পরীক্ষার অন্ততঃ দুইটিতে দ্বিতীয় বিভাগ এবং কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর মাষ্টার অব এডুকেশন; এবং |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) শিক্ষকতার অথবা প্রশাসনিক ক্ষেত্রে অথবা উভয় ক্ষেত্রে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৮ | প্রশাসনিক অফিসার | .. | প্রধান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ৯ | হিসাব রক্ষণ অফিসার | .. | ঐ | ঐ |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী | অনুর্দ্ধ ২৮ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) সরকারের স্বীকৃতিপ্রাপ্ত কোন ইনষ্টিটিউট হইতে পুরকৌশলে ডিপ্লোমা, এবং<br>(খ) এক বৎসরের বাস্তব অভিজ্ঞতা |
| ১১ | এষ্টিমেটর | ঐ | ঐ | ঐ |
| ১২ | ড্রাফটস্‌ম্যান | ঐ | ঐ | ঐ |
| ১৩ | প্রশাসনিক অফিসার | ঐ | উচ্চমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |
| ১৪ | উচ্চমান সহকারী-কাম-হিসাব রক্ষক। | ১৮—২৫ বৎসর | (ক) টাইপিষ্ট-কাম-ক্লার্কদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে শতকরা ৫০ ভাগ।<br>(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে শতকরা ৫০ ভাগ। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য: স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | হিসাব রক্ষক .. | .. | হিসাব সহকারী এবং নিম্নমান সহকারী-কাম মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদ অথবা পদসমূহে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ১৬ | কোষাধ্যক্ষ (ক্যাশিয়ার) | .. | ঐ | ফিডার পদে অথবা পদসমূহে ৫ বৎসরের চাকুরীরত এবং বিধি মোতাবেক জামানত প্রদান অত্যাবশ্যক। |
| ১৭ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার। | বয়স অনূর্ধ্ব ২৮ বৎসর। তবে সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকের ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। .. | সরাসরি নিয়োগের মাধ্যমে—<br>(ক) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হইতে ৭৫%; এবং<br>(খ) অন্যান্য প্রার্থীদের মধ্য হইতে ২৫% ভাগ। | বহিরাগতদের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ বি, এড/ডিপ্লোমা-ইন-এডুকেশন এবং প্রাথমিক/মাধ্যমিক/পরীক্ষণ বিদ্যালয়ে ১ বৎসরের শিক্ষকতায় অভিজ্ঞতা।<br>শিক্ষকদের ক্ষেত্রে:<br>(ক) সি-ইন-এড/বি, এডসহ স্নাতক; এবং<br>(খ) শিক্ষক এবং প্রধান শিক্ষক হিসাবে ৫ বৎসরের চাকুরী। |
| ১৮ | হিসাব সহকারী .. | .. | ক্যাশ সরকার অথবা রেকর্ড কিপারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ বৎসর চাকুরীর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ডের সেকেণ্ডারী স্কুল সার্টিফিকেট। |
| ১৯ | ড্রাইভার .. | অনূর্ধ্ব ৩০ বৎসর .. | সরাসরি নিয়োগের মাধ্যমে .. | অষ্টম শ্রেণী পাশ। মোটরযান চালনায় বৈধ লাইসেন্সসহ ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২০ | ভাণ্ডার রক্ষক | ১৮—২৫ বৎসর .. | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশসহ ভাণ্ডার রক্ষণে ২ বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১ | রেকর্ড কিপার .. | .. | চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদ বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী। |
| ২২ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | .. | ঐ | ফিডার পদ বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী এবং ডুপ্লিকেটিং মেশিন চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৩ | ক্যাশ সরকার .. | .. | ঐ | ফিডার পদ বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী। |
| ২৪ | ডেচপাচ রাইডার .. | ১৮—২৫ বৎসর .. | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ২৫ | এম,এল,এস,এস .. | ঐ | ঐ | ঐ |
| ২৬ | নাইট গার্ড .. | ঐ | ঐ | ঐ |
| ২৭ | মালি .. | ঐ | ঐ | ঐ |
| ২৮ | সুইপার .. | ঐ | ঐ | পঞ্চম শ্রেণী পাশ অথবা মেথর সম্প্রদায়ের সদস্য। |

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, ময়মনসিংহ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক | .. | সিলেকশন গ্রেড প্রাপ্ত পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হইতে পদোন্নতি মাধ্যমে।<br>অথবা | পদোন্নতির জন্য: ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউশন ইনষ্ট্রাকটরদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | |
| ৩০ | ওয়ার্কশপ টেকনিশিয়ান | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে স্নাতক (বিজ্ঞান) ডিগ্রীসহ শিক্ষা ও বিজ্ঞান বিষয়ক যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জাম চালনার ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩১ | ডকুমেন্টেশন অফিসার | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়-এর স্নাতক ডিগ্রীসহ দলিলপত্র রক্ষণাবেক্ষণ কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩২ | গ্রন্থাগারিক | .. | সহকারী গ্রন্থাগারিক অথবা সহকারী গ্রন্থাগারিক কাম-ক্যাটালগার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | কিভার পদ বা পদসমূহে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৩ | তত্ত্বাবধায়ক | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রীসহ কোন শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাফেটেরিয়া ও হোষ্টেল তত্ত্বাবধানে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৪ | সহকারী গ্রন্থাগারিক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>অথবা<br>সহকারী গ্রন্থাগারিক-কাম-ক্যাটালগারদের মধ্য হইতে বদলীর মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্সে ডিগ্রী/ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | **প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউশনের জন্য :** | |
| ৩৫ | ইনষ্ট্রাক্টর (সাধারণ) | অনূর্ধ্ব ২৮ বৎসর | (ক) পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে শতকরা ৩০ ভাগ। | পদোন্নতির জন্য :<br>(ক) স্নাতক ডিগ্রীসহ বি, এড; এবং<br>(খ) ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (খ) সরাসরি নিয়োগের মাধ্যমে শতকরা ৭০ ভাগ। | এস,এস,সি হইতে ডিগ্রী পর্যন্ত কমপক্ষে দুইটি পরীক্ষায় ২য় বিভাগসহ ২য় শ্রেণীর এম, এড ডিগ্রী অথবা বি, এডসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা সমতুল্য ডিগ্রী। |
| ৩৬ | ইনষ্ট্রাক্টর (বিজ্ঞান) . . | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। . . | এম, এডসহ বি,এস,সি ডিগ্রী অথবা বি, এডসহ এম, এস,সি ডিগ্রী অথবা সমতুল্য ডিগ্রী। |
| ৩৭ | ইনষ্ট্রাক্টর (কৃষি) . . | অনূর্ধ্ব ২৮ বৎসর . . | সরাসরি নিয়োগের মাধ্যমে | বি, এজি অথবা উদ্ভিদবিদ্যা/প্রাণীবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান মাষ্টার্স ডিগ্রী অথবা বি, এস, সি পর্যায়ে উদ্ভিদ বিদ্যা/প্রাণী-বিদ্যা বিষয়সহ ২য় শ্রেণীর এম, এড। |
| ৩৮ | ইনষ্ট্রাক্টর (শরীরচর্চা শিক্ষক) | ঐ | ঐ | বি,পি, এডসহ স্নাতক ডিগ্রী। |
| ৩৯ | ইনষ্ট্রাক্টর (ক্রাফট শিক্ষক) | ঐ | ঐ | ফাইন আর্টসে স্নাতক ডিগ্রী। |

| | | | |
|---|---|---|---|
| ৪০ পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক | ঐ | ঐ | সি-ইন-এড/বি,এড/ডিপ্লোমা-ইন-এডুকেশন-সহ স্নাতক ডিগ্রী। |
| ৪১ সহকারী লাইব্রেরীয়ান-কাম-ক্যাটালগার। | ঐ | ঐ | লাইব্রেরী সায়েন্সে ডিগ্রী/ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী জালাল উদ্দিন আহমদ

সচিব।

খন্দকার ওয়াজেদুল মোত্তালেব, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল রতিব সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস তেজগাঁও, ঢাকা, কর্তৃক প্রকাশিত।